# The First Voyage
*of*
# M H English Grammatical
# Spoken

**Speech, Debate, Salutation, Dialogue, Tense & WH Question**


**Written by ■**

**Prof. Mohammad Jamal Hossain**
M.A in English, B.T.I.S., M.T.I.S (All First Class)
M.phil & PhD.

**Md. Shariful Islam**
B.A. (Honours), M.A. in English (First Class)
LL.B, JAIBB, AIBB
Debater of National Television
and
Director, Bangladesh National Debating Society (BNDS)



প্রকাশনায়

**সাকিব পাবলিকেশন্স**
বাংলাবাজার, ঢাকা-১১০০
মুঠোফোন: ০১৮১৯-৬৭০৩৮২

প্রকাশকাল

০১ সেপ্টেম্বর ২০২৫ইং
১৭ ভাদ্র ১৪৩২ বাং
০৮ রবিউল আউয়াল ১৪৪৭ আরবি

প্রচ্ছদ ডিজাইন
সাইফ মোহাম্মদ সাদ্দাম
চীফ গ্রাফিক্স ডিজাইনার, সাকিব পাবলিকেশন্স ও প্রিন্টার্স


মুদ্রণে
সাকিব প্রিন্টার্স
কুমিল্লা। # ০১৮৮৭-৪৭৩৮৬১

মূল্য: ১৩০৳

# CONTENTS (সূচিপত্র)



| CHAPTER | PRACTICE | SUBJECT | PAGES |
|---|---|---|---|
| **Unit-01** | | বিষয়ভিত্তিক বক্তৃতা ও বিতর্ক প্র্যাকটিস | 01-05 |
| | Practice- 01 | How to start speeches and debates. | 03 |
| | Practice- 02 | The importance of English language | 04 |
| **Unit-02** | | বিতর্ক-**Debate** | 06-11 |
| | Practice- 01 | Debate (বির্তক) এর পরিচিত | 06 |
| | Practice- 02 | Debater (বিতার্কিক) এর পরিচিতি | 07 |
| | Practice- 03 | Types of Debate (বিতর্কের প্রকারভেদ) | 07 |
| | Practice- 04 | বিতার্কিক/বক্তার নান্দনিকতা এবং শারীরিক ভাষা | 08 |
| **Unit-03** | | **Salutation in English** | 12-15 |
| | Practice- 01 | Salutation in English- নিয়ে কিছু নির্দেশনা | 12 |
| | Practice- 02 | Salutation in English 01 থেকে 19 পর্যন্ত (১ম ধাপ) | 13 |
| | Practice- 03 | Salutation in English 20 থেকে 25 পর্যন্ত (২য় ধাপ) | 14 |
| **Unit-04** | | **Dialouge** (সংলাপ) | 16-24 |
| | Practice- 01 | Talking to a Foreigner | 16 |
| | Practice- 02 | A dialogue between two brothers of an institution how to build up their students life | 18 |
| | Practice- 03 | A dialogue/conversation between a student and a teacher about an ensuing examination. | 21 |
| | Practice- 04 | An interview: Bulbul is facing an interview with the interviewer | 23 |



| | | | |
|---|---|---|---|
| **Unit-05** | | **Case** (কারক) | 25 |
| **Unit-06** | | **Tense** (কাল) | 26-31 |
| | Practice- 01 | Present Tense এর সংক্ষিপ্ত বর্ণনা | 26 |
| | Practice- 02 | Past Tense এর সংক্ষিপ্ত বর্ণনা | 29 |
| | Practice- 03 | Future Tense এর সংক্ষিপ্ত বর্ণনা | 30 |
| **Unit-07** | | তথ্য বিষয়ক WH Question | 32-47 |
| | Practice- 01 | What এর ব্যবহার | 32 |
| | Practice- 02 | Who এর ব্যবহার | 35 |
| | Practice- 03 | Whom এর ব্যবহার | 36 |
| | Practice- 04 | When এর ব্যবহার | 37 |
| | Practice- 05 | Where এর ব্যবহার | 38 |
| | Practice- 06 | Which এর ব্যবহার | 40 |
| | Practice- 07 | Why এর ব্যবহার | 41 |
| | Practice- 08 | How এর ব্যবহার | 42 |
| | Practice- 09 | Whose এর ব্যবহার | 47 |



Unit-01




# বিষয়ভিত্তিক বক্তৃতা ও বিতর্ক প্র্যাকটিস

**Practice (অনুশীলন) 01**

## How to start speeches and debates.
(হাউ টু স্টার্ট স্পিচেস এন্ড ডিবেইটস)

যেভাবে বক্তৃতা ও বির্তক শুরু করতে হয়

| বাংলা মডেল বক্তৃতা | English Speech | উচ্চারণ |
|---|---|---|
| ১। এই সভার সম্মানিত সভাপতি (জনাব........)। | 1.Honourable president of this conference/ meeting (Mr........) | অনারাবল প্রেজিডান্ট অভ দিস কনফারান্স/ মিটিং |
| ২। শ্রদ্ধেয় প্রধান অতিথি (জনাব ......) | 2. Respectable chief guest (Mr.......) | রিসপেকটাবল |
| ৩। মাননীয় বিশেষ অতিথি (জনাব........) | 3. Regardful special guest (Mr........) | রিগার্ডফুল স্পেশল |
| ৪। সুবিজ্ঞ বিচারকমন্ডলী। | 4. Provident judiciary (judicature) | প্রভিডান্ট জুডিশারি (জুডিকচার) |
| ৫। মনোযোগী দর্শক। | 5. Heedful spectators / audience | হিডফুল স্পেকটেইটারস/ অডিআনস |
| ৬। আমার প্রিয়/ আন্তরিক/ অকৃত্রিম/ স্নেহময়/ প্রীতিপূর্ণ/দয়ালু/ প্রগাঢ়/ অন্তরঙ্গ বন্ধুরা। | 6. My dear/ hearty / sincere/ loving / affectionate/ kind / warm / bosom/ heartiest/ friends | সিনসিআর/ আফেকশানাট/ বুজাম/ হার্টিয়েস্ট |



| | | |
|---|---|---|
| ৭। অনুগ্রহ করে প্রত্যেকে আমার অভিবাদন/ সালাম গ্রহণ করুন। আসসালামু আলাইকুম | 7.Please, everybody receive my salutation: Assalamu Alaikum (Peace be upon you) | স্যালিউটেইশন |
| ৮। আমি সর্বশক্তিমান আল্লাহর প্রতি কৃতজ্ঞ/ ধন্যবাদপূর্ণ যিনি আমাকে এই বিষয়ে কথা বলার সুযোগ করে দিয়েছেন। | 8. I am grateful and thankful to Almighty Allah Who has bestowed / given me to speak such subject | গ্রেইটফুল, বিস্টোড, অলমাইটি |

**Practice (অনুশীলন) 02**

## The importance of English language
(দি ইম্পোর্টেন্স অভ ইংলিশ ল্যাংগুয়িজ)

ইংরেজি ভাষার গুরুত্ব

| বাংলা বক্তৃতা | English Speech | উচ্চারণ |
|---|---|---|
| **সুপ্রিয় ভদ্র মহিলা ও মহোদয়গণ** | **Dear ladies and gentlemen.** | জেন্টলমান |
| i) ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। | i) English is an international language. | ইন্টারন্যাশনাল ল্যাংগুয়িজ |
| ii) পৃথিবীতে এমন কোনো দেশ নেই যেখানে ইংরেজি ভাষা শেখানো হয় না। | ii) There is no any country in this world where English is not taught. | হোএআর, টট্ |
| iii) পৃথিবীতে জ্ঞান বিজ্ঞানের পুস্তকের বেশির ভাগ লেখাই ইংরেজি ভাষায়। | iii) Most of the books of science and learning are written in English. | সাইআনস রিটেন |
| **সুপ্রিয় দর্শকমণ্ডলী** | **Dear audience** | অডিআনস |
| iv) আজকাল আন্তর্জাতিক সম্পর্ক ও ব্যবসা বাণিজ্যের মাধ্যম ইংরেজি। | iv) Now-a-days English is the medium of international relations as well as trade and commerce. | মিডিয়াম, ইন্টারন্যাশনাল, অ্যাজ ওয়েল অ্যাজ, কমার্স |







| | | |
|---|---|---|
| v) একথা সত্য যে, আমাদের দেশে ভাষা শিক্ষার মান খুবই নীচু। | v) It is true that the standard of learning language is very low in our country. | স্ট্যান্ডার্ড, ল্যাংগুয়িজ, লো |
| vi) আমরা আমাদের জীবনের প্রতিটি পদক্ষেপে ইংরেজি শেখার প্রয়োজনীয়তা অনুভব করি | vi) We feel the necessity of learning English at every step in our life. | নিসেসাটি |
| অন্তরঙ্গ বন্ধুরা | **Cordial Friends** | কোরডিআল |
| vii) উচ্চতর শিক্ষা গ্রহণ ও বিদেশীদের সাথে কথা বলতে আমাদের ইংরেজি জানা প্রয়োজন। | vii) We need English for higher studies and to communicate with foreigners. | হাইয়ার, কমিউনিকেইট, ফরেনারস |
| viii) একটি ভাল চাকরি পেতে হলেও আমাদের ইংরেজি জানার প্রয়োজন। | viii) We also need English to get a good job. | |
| পরিশেষে বলতে চাই | In the last I would like to say | উড |
| ix) যে জাতি ইংরেজি ভাষায় যতবেশি পারদর্শী সে জাতি সকল দিক থেকে ততবেশি উন্নত। | ix) So, the more a nation is adept in English, the more it is developed in all respect. | নেইশন, অ্যাডেপ্ট, ডিভেলাপড, রিসপেক্ট |

***বক্তৃতার গুরুত্ব:-*** *(১) ভাব প্রকাশের অন্যতম মাধ্যম বক্তৃতা (২) পরিচিতি লাভের অন্যতম মাধ্যম বক্তৃতা (৩) ইংরেজি ভাষায় জড়তা কাটাবার অন্যতম উপায় বক্তৃতা ৪) এক নজরে অনেকগুলো শব্দ মনে রাখার মাধ্যম হলো বক্তৃতা।*

**বিষয়ভিত্তিক বক্তৃতা ও বিতর্ক বিস্তারিত প্র্যাকটিস এর জন্য**
**M H Foundation of English Grammatical Spoken (২য় খন্ড)**
**সংগ্রহ করুন**





# বিতর্ক-Debate

সুন্দর করে কথা বলা একটি শিল্প। সেই সুন্দর কথাটা যদি হয় যুক্তিপূর্ণ, তবে তা হয় আরো হৃদয়গ্রাহী। যুক্তরাষ্ট্রের বিখ্যাত শিক্ষাবিদ Norman Cousins (নরমান কোসিন্স/ নরম্যান কাজিন) বলেছেন, 'The first purpose of education is to enable a person to speak clearly and confidently. (দা ফার্স্ট পার্পাস্ অভ এজুকেইশন ইজ টু ইনেইব্ল এই পার্সন্ টু স্পীক্ ক্লিয়ারলি এণ্ড কন্‌ফিডান্ট্‌লি) "শিক্ষার প্রথম উদ্দেশ্য হলো একজন ব্যক্তিকে স্পষ্ট এবং আত্মবিশ্বাসের সাথে কথা বলতে সক্ষম করা"। স্পষ্টতা এবং আত্মবিশ্বাসের সঙ্গে কথা বলতে পারার সামর্থ্য যদি শিক্ষার উদ্দেশ্য হয় তাহলে বিতর্ক এবং ইংলিশ স্পোকেনের গুরুত্ব কতটুকু তা নির্ণয়ের দায়িত্ব আপনাদের! অ্যাকাডেমিক ডিগ্রিধারী শিক্ষিত মানুষের আজ অভাব নেই। কিন্তু স্পষ্ট করে নিজেকে তুলে ধরা বা আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে উপস্থাপন করা- এ বৈশিষ্ট্য খুব বেশি মানুষের নেই। অথচ এটি একটি গুরুত্বপূর্ণ যোগ্যতা। বাগ্মিতা, চিন্তন দক্ষতা ও উপস্থাপনার মতো গুরুত্বপূর্ণ এবং যুগের সঙ্গে অতি প্রাসঙ্গিক গুণগুলোর অর্জন হয় বিতর্ক চর্চার মাধ্যমে।

**বিতর্ক (Debate- ডিবেইট):** বিতর্ক মূলত একধরনের যৌক্তিক বাগযুদ্ধ। যুদ্ধ শুনে কেউ যেন ভেবো না, এটা সহিংসতার আসর, এই যুদ্ধ আসলে এক নান্দনিক উপস্থাপন। কেননা, এর মাধ্যমে শাণিত হয় যুক্তি ও মনন। যুক্তি, তথ্য, তত্ত্বের সমন্বয়ে সত্য প্রতিষ্ঠার লক্ষ্যে প্রতিদ্বন্দ্বিতামূলক যে বিশেষ বাদানুবাদ উপস্থাপিত হয়,





তাই বিতর্ক। যুক্তি+তর্ক=বিতর্ক হচ্ছে- কয়েকজন প্রজ্ঞাপূর্ণ মানুষ যৌক্তিক একটি বিষয়কে সংক্ষেপে, শুদ্ধ উচ্চারণে, উত্তম বাচনভঙ্গিতে, অর্থযুক্ত ও যুক্তিপূর্ণ কথায়, নির্ধারিত সময়ে, বুদ্ধিমত্তার সাথে সকলের কাছে উপস্থাপন করা। বিতর্ক আমাদের জ্ঞানের চর্চাকে প্রসারিত করে- যার মধ্য দিয়ে আমরা অন্ধ মৌলবাদীতাকে বুঝতে পারি পাশাপাশি বিশুদ্ধ ধার্মিকতার স্বরূপ চিনতে পারি।


**বিতার্কিক (Debater- ডিবেইটার):** তিনিই বিতার্কিক, যিনি প্রতিপক্ষের মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে তার যুক্তির মাধ্যমে গঠনমূলক সমালোচনা করেন। স্বপক্ষের বক্তব্য যুক্তিযুক্তভাবে উপস্থাপন করেন। চেষ্টা করেন নিজের মতামতের ভিত্তিতে সত্যকে যুক্তির নিরিখে প্রতিষ্ঠা করার। বিখ্যাত শিক্ষাবিদ টমাস হাক্সলি এর বিখ্যাত উক্তি- "A learned man is he who knows something of everything and everything of something." (এই লার্নার্ড ম্যান ইজ হি হু নোউজ সাম্‌থিঙ অভ এভরিথিং এণ্ড এভরিথিং অভ সাম্‌থিঙ) "একজন শিক্ষিত ব্যক্তি হলেন তিনি যিনি সবকিছুর কিছু না কিছু জানেন এবং কিছু না কিছুর সবকিছু জানেন।" প্রত্যেক বিষয় সম্পর্কে কিছু ধারণা থাকা একজন বিতার্কিকের জন্য বাধ্যতামূলক।

**বিতর্কের প্রকারভেদ (Types of Debate- টাইপ্‌স্ অভ ডিবেইট):** বর্তমানে বেশ কিছু জনপ্রিয় ফরমেটে বিতর্ক অনুষ্ঠিত হয়ে থাকে। বিতর্কের ফরমেটের উপর নির্ভর করে তার নিয়ম কানুন নির্ধারিত হয়। একেক ফরমেটের বিতর্কের নিয়ম একেক রকম। নিচে কিছু জনপ্রিয় বিতর্ক ফরমেট তুলে ধরা হলোঃ-

- সনাতনী বিতর্ক (Traditional Debate - ট্রাডিশান্‌ল্ ডিবেইট)
- সংসদীয় বিতর্ক (Parliamentary Debate - পার্লামেন্‌ট্রি ডিবেইট)
- জাতিসংঘ মডেল বিতর্ক (UN Model Debate- ইউএন মডেল ডিবেইট)
- সৃষ্টি-স্রষ্টা বিতর্ক (Creation & Creator Debate- ক্রিয়েশন এণ্ড ক্রিয়েটর ডিবেইট)
- জুটি বিতর্ক (Pair Debate-পেয়ার ডিবেইট)
- রম্য বিতর্ক (Fun Debate- ফান ডিবেইট)
- বারোয়ারি বিতর্ক (Barwari Debate- বারওয়ারি ডিবেইট)
- প্ল্যানচেট বিতর্ক (Planchet/Ghostly Debate- প্ল্যানচেট/গৌসটলি ডিবেইট)







# বিতার্কিক/বক্তার নান্দনিকতা এবং শারীরিক ভাষা

**(Debater's Aestheticism & Body-Language-**


(ডিবেইটার'স ঈসথীটিসিজম এণ্ড বডি ল্যাংগুয়িজ)

বিশিষ্ট যোগাযোগতাত্ত্বিক John Borg (জন বর্গ) এক গবেষণায় দেখিয়েছেন, মানুষের সঙ্গে মানুষের যোগাযোগের শতকরা ৯৩ ভাগ সম্পন্ন হয় শারীরিক ভাষার মাধ্যমে। মানুষের প্রতিটি প্রত্যঙ্গই সার্থক যোগাযোগে ভূমিকা পালন করে। সঙ্গীত, অভিনয়, আবৃত্তি, বক্তৃতা এবং বিতর্কে উঁচুদরের সাফল্য পাওয়ার অন্যতম শর্ত হচ্ছে নিখুঁত শারীরিক ভাষা বা Body-Language । বিতর্ক শুধু শোনার বিষয় নয়, দেখারও বিষয়। বিতার্কিকের বাহ্যিক সৌন্দর্য যাই হোক না কেন, নিজেকে রুচিশীল ও যথাযথভাবে উপস্থাপন করার মাঝেই রয়েছে একজন বিতার্কিক/ বক্তার নান্দনিকতা। বিতর্ক/বক্তৃতার ক্ষেত্রে নিম্নলিখিত শারীরিক ভাষা বা Body-Language গুলো আয়ত্ত করা খুবই জরুরী।

ক. মাইক্রোফোনের ব্যবহার **(Use of Microphone)**
খ. শারীরিক অবস্থান **(Body Position)**
গ. চোখের ভাষা **(Eye Contact)**
ঘ. হাতের ব্যবহার **(Use of Hands)**
ঙ. উত্তেজনা পরিহার **(Elimination of Excitement)**
চ. স্বল্পতম স্ক্রিপ্ট নির্ভরতা **(Less use of Script)**







**মাইক্রোফোনের ব্যবহার (Use of Microphone- ইউজ অভ মাইক্রোফোন):** মাইক্রোফোনের যথাযথ ব্যবহার একজন বিতার্কিক/বক্তার জন্য খুবই গুরুত্বপূর্ণ। প্রথমে দেখতে হবে মাইক্রোফোনটি কি ডায়াসের সঙ্গে বিন্যস্ত আছে নাকি হাতে নিয়ে কথা বলতে হবে। অনেকেই মাইক্রোফোনটি হাতে নিয়ে শব্দযন্ত্র পরীক্ষকের মত মাইক্রোফোনে ফুঁ দিয়ে আওয়াজ পরীক্ষা করেন। এটি অত্যন্ত রুচিহীন ও দৃষ্টিকটু কাজ। মাইক্রোফোনের আওয়াজ নিয়ে সন্দেহ থাকলে আঙ্গুল দিয়ে আলতো টোকা দিলেই বুঝা যাবে মাইক্রোফোনটি সচল না অচল। কেউ কেউ মুখের এতো কাছ/দূর থেকে কথা বলে, তাতে কথা স্পষ্ট শোনা যায় না এবং অনেকের মুখের নিঃশ্বাসের শব্দ মাইক্রোফোনে শোনা যায় যা খুবই দৃষ্টিকটু লাগে। মাইক্রোফোনটিকে এমনভাবে ব্যবহার করতে হবে যেন বিচারক এবং দর্শক সবাই স্পষ্ট কথা শুনতে পায়। মুখ থেকে তিন/চার আঙ্গুলের দূরত্বে মাইক্রোফোনটি রেখে কথা বললে তা স্পষ্ট শোনা যায়।



**শারীরিক অবস্থান (Body Position- বডি পজিশন):** একজন বিতার্কিক/বক্তার কথা বলার সময় তার শারীরিক অবস্থান এবং দাঁড়ানোর স্টাইল অনেক গুরুত্বপূর্ণ। বিতর্ক/বক্তৃতা প্রদান করার সময় সোজা হয়ে দাঁড়াতে হবে। আনুভূমিক এবং লম্বালম্বি উভয়ভাবে মাথার অবস্থান থাকবে সোজাসুজি। বাঁকা হয়ে বা কোমরে হাত দিয়ে দাঁড়ানো থেকে বিরত থাকতে হবে। কেউ কেউ পা নাড়াচাড়া করেন। এতে বিতর্কের গতি ব্যহত হয়। একজন বিতার্কিক/বক্তার দাঁড়ানোর স্টাইলটি অবশ্যই আত্মবিশ্বাসে পূর্ণ হতে হবে। সতীর্থদের সঙ্গে আসনে বসার সময় শান্ত ও মনোযোগী হতে হবে। সতীর্থদের সঙ্গে কথা বলতে হলে নিচুস্বরে সংক্ষেপে বলতে হবে। এলোমেলো তাকানো এবং দৃষ্টিকটু অঙ্গভঙ্গি প্রদর্শন করা থেকে বিরত থাকতে হবে।